জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা
ফোন ঃ ০২-৪৮০৪০১১৭
web: www.nha.gov.bd

স্মারক নম্বর-২৫.৩৮.২৬৪৮.৭০১.০৬.০০১.২১. 284

তারিখ- ২২.০৮.২০২২ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতায় বিভিন্ন উন্নয়ন কাঠামো নির্মাণ/পুনঃ নির্মাণ, ভবন নির্মাণ/পুনঃ নির্মাণ/মেরামত ইত্যাদি কাজ সহ বিভিন্ন জরুরী কাজ সম্পাদনের জন্য বিশেষ শ্রেণী/১ম শ্রেণী (সম্মিলিত)/১ম শ্রেণী (সাধারন)/২য় শ্রেণী/৩য় শ্রেণী (সিভিল/ স্যানেটারী/ ই.এম/ যান্ত্রিক/ আই.সি.টি/কনসালটেন্ট/সরবরাহকারী) ক্যাটাগরীতে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন/বার্ষিক নবায়ন/শ্রেণী উন্নতিকরণ এর জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

## তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নবায়নের ক্ষেত্রেঃ

বার্ষিক নবায়ন ফি জমা দেয়ার অনুমতির আবেদন ফরম জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইটে www.nha.gov.bd পাওয়া যাবে। শ্রেণী অনুযায়ী আবেদন ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ (তালিকাভুক্তি রেজিস্ট্রেশন বই এর ছায়াকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২০২১-২২ অর্থ বছরের আয়কর সনদ, প্রযোজ্য ক্ষেত্রে এ.বি.সি লাইসেন্স ও সুপারভাইজারী লাইসেন্স এর ছায়াকপি) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে ১০/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে। ছায়াকপি সমূহ জাগৃক এর ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। গৃহীত আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক অফিস আদেশ জারীর পর সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহ কে নিম্নোক্তভাবে নবায়ন ফি নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা প্রদান করতে হবে।

(ক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২২-২০২৩ অর্থ বছরের নবায়ন ফি ৩১-১০-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জরিমানা ব্যতীত ২,০০০/- (দুই হাজার টাকা), মূল্য সংযোজন কর ১৫% = ৩০০/- সহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা প্রদান করতে পারবেন।

(খ) 'ক' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ৩১-১২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ৫০% (নবায়ন ফি'র শতকরা পঞ্চাশ ভাগ) জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন।

(গ) 'ক' ও 'খ' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ৩০-০৬-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ৭৫% (নবায়ন ফি'র শতকরা পঁচাত্তর ভাগ) জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন।

(ঘ) 'ক', 'খ' ও 'গ' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় এর পূর্বানুমতি সাপেক্ষে ১০০% (শতকরা একশত ভাগ) জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন।

(ঙ) একাধিক বছরের নবায়ন ফি জমা দানের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান আবেদন ফরম পূরণ করে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা দিবেন। পরবর্তীতে আবেদনগুলো পরীক্ষা নিরীক্ষা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিধি মোতাবেক নবায়ন ফি জমা দেয়ার অনুমতির আদেশ জারী করা হবে।

## নতুনভাবে ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন এবং বিদ্যমান ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের শ্রেণী উন্নতিকরণ এর ক্ষেত্রেঃ

নতুন নিবন্ধন / বিদ্যমান ঠিকাদারী প্রতিষ্ঠানের শ্রেণী উন্নতি করণ আবেদনপত্র ডকুমেন্টস এর মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা।

ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ১৫% মূল্য সংযোজন কর ৭৫০/- টাকা সহ মোট ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ টাকা) এবং শ্রেণী উন্নতি করণ ফি ২,০০০/- টাকা ও ১৫% মূল্য সংযোজন কর ৩০০/- টাকা সহ মোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা।

নতুনভাবে ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন এবং বিদ্যমান ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের শ্রেণী উন্নতিকরণ এর আবেদন আগামী ১৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০/০৯/২০২২ খ্রিঃ পর্যন্ত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তরে ক্রয়/ জমা প্রদান করা যাবে।

| ক্রমিক নং | যে সকল দপ্তরে নিবন্ধন/শ্রেণী উন্নতিকরণ/নবায়নের ডকুমেন্টস ক্রয়/জমা প্রদান করা যাবে। |
|---|---|
| ১. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ২. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা। |
| ৩. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। |
| ৪. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা। |
| ৫. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী। |
| ৬. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা। |
| ৭. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর। |
| ৮. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম। |
| ৯. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ,সাদিপুর, শিবগঞ্জ, সিলেট। |

২২/৪/২২

(কাওসার মোর্শেদ)
নির্বাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর, ঢাকা
ফোন-০২-৪৮০৪০১১৭
e-mail: eenha.mirpur2@gmail.com

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
২। সদস্য, (প্রশাসন ও অর্থ)/ (প্রকৌশল ও সমন্বয়) / (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)/ (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল/ সমন্বয় ও উন্নয়ন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১/২/মিরপুর গৃহসংস্থান বিভাগ-২/পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প/ই এম ডিভিশন/রাজশাহী ডিভিশন/খুলনা ডিভিশন/সিলেট ডিভিশন/চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অফিস কপি।